বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

বিষয়ঃ দেশের অভ্যন্তরে উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন সম্পর্কিত প্রতিবেদন।

স্থানঃ কুয়েট, খুলনা।

পরিদর্শনের তারিখঃ ৩১-০৫-২০২৩ খ্রিঃ। সময়ঃ ১১-০০ ঘটিকা হতে ১২-৩০ ঘটিকা পর্যন্ত।

০১. সংক্ষিপ্ত পরিচিতিঃ

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট), খুলনা-তে উদ্ভাবনী কার্যক্রম পরিচালনার জন্য একটি ল্যাব আছে যা "ফ্যাবল্যাব" নামে পরিচিত। এই ল্যাব ২০১৭ সালে প্রতিষ্ঠা করা হয়। MITসহ বিশ্বের বিভিন্ন স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন ল্যাবের সাথে সংযুক্ত রেখে কুয়েটের শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের মাধ্যমে বিভিন্ন ধরণের উদ্ভাবনী কার্যক্রম করা হয়।

এই ল্যাবের মাধ্যমে ইতোমধ্যে অনেক উদ্ভাবনী কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং নিয়মিত কার্যক্রম চলছে।

পরিদর্শনকালে বাকেশি'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ

ক) জনাব মোঃ মসলেম উদ্দীন, মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) ও ইনোভেশন অফিসার।

খ) জনাব মোঃ এনামুল হক, মহাব্যবস্থাপক (পরি:, উন্ন: ও মা: নি:) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম।

গ) জনাব মোঃ শাকিল রানা, ব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)।

ঘ) জনাব বেগ মুকিত হোসেন, ব্যবস্থাপক (প্রশাসন)।

ঙ) জনাব এম. এম মহিদুল ইসলাম, ব্যবস্থাপক (সমন্বয়) ও সদস্য, ইনোভেশন টিম।

চ) জনাব মোঃ মোজাহিদুর রহমান, ব্যবস্থাপক (মার্কেটিং) ও সদস্য, ইনোভেশন টিম।

ছ) জনাব মোঃ সাইফুর রহমান, সহকারি ব্যবস্থাপক (উৎপাদন পরিকল্পনা) ও সদস্য, ইনোভেশন টিম।

জ) জনাব মোঃ খান মোস্তফা হাসান, সহকারি ব্যবস্থাপক (মান নিয়ন্ত্রণ)।

ঝ) জনাব শেখ মোঃ আমিনুল ইসলাম, সহকারি ব্যবস্থাপক (উৎপাদন)।

০২. পরিদর্শনকৃত উদ্ভাবনী কার্যক্রমের নামঃ

বর্ণিত ফ্যাবল্যাবে পরিদর্শনকালে নিম্নবর্ণিত উদ্ভাবনী কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়।

ক) আধুনিক থ্রি-ডি লেজার কাঁটার মেশিন (বিদেশ থেকে আমদানিকৃত)।

খ) আধুনিক থ্রি-ডি প্রিন্টার (বিদেশ থেকে আমদানিকৃত)।

গ) সিএনসি মেশিন (বিদেশ থেকে আমদানিকৃত)।

ঘ) রোবোটিক আর্মস (কুয়েট ছাত্র-ছাত্রী কর্তৃক উদ্ভাবনকৃত)।

ঙ) পালস্ সেনসিং ডিভাইস (কুয়েট ছাত্র-ছাত্রী কর্তৃক উদ্ভাবনকৃত)।

চ) কম্বাইন্ড হার্টবিট ও সেনসিং ডিভাইস (কুয়েট ছাত্র-ছাত্রী কর্তৃক উদ্ভাবনকৃত)।

পরিদর্শন সংক্রান্ত ছবি নিম্নরূপঃ



এ পরিদর্শনের সময় যন্ত্রগুলোর বিবরণ ও কার্যপ্রণালী সম্পর্কে কুয়েট-এর ইলেকট্রনিক এন্ড কম্যুনিকেশন বিভাগের বিভাগীয় প্রধান ও ফ্যাবল্যাবের প্রধান প্রফেসর জনাব পল্লব কুমার চৌধুরী ব্রিফিং দেন এবং সংশ্রিষ্ট ল্যাব সহকারিগণ সার্বিক সহযোগীতা প্রদান করেন।

০৩. উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের মাধ্যমে অর্জিত জ্ঞানঃ

উদ্ভাবনী উদ্যোগগুলো পরিদর্শনের ফলে উদ্ভাবনের প্রয়োজনীয়তা ও সুফল সম্পর্কে ভাল ধারণা তৈরি হয়েছে। কুয়েট-এর এই উদ্ভাবনী কার্যক্রম বাকেশি'র কর্মকর্তাদের উদ্ভাবন কাজে আরও নিবেদিত ও সম্পৃক্ত হতে উৎসাহিত করেছে। ভবিষ্যতে নলেজ-শেয়ারিং এর মাধ্যমে উদ্ভাবন কার্যক্রমকে বেগবান করা সম্ভব হবে।

০৪. ফলাফলঃ

কুয়েট-এর উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের ফলে বাকেশি'র কর্মকর্তা/প্রকৌশলীদের মাঝে অনুপ্রেরণার সৃষ্টি হয়েছে। নিয়মিত উদ্ভাবনী কার্যক্রম পরিদর্শনের ব্যবস্থা চালু রাখলে এ সংক্রান্ত জ্ঞান বৃদ্ধিসহ উদ্ভাবনী কাজে মনোযোগ আরও বৃদ্ধি পাবে যা প্রতিষ্ঠানের উন্নয়নে ভূমিকা রাখতে সহায়তা করবে।

স্বাক্ষরিত/-

(মোঃ এনামুল হক)
মহাব্যবস্থাপক (পরি:, উন্ন: ও মা: নি:)
এবং সদস্য ও ফোকাল পয়েন্ট, বাকেশি ইনোভেশন টিম।

স্বাক্ষরিত/-

(মোঃ মসলেম উদ্দীন)
মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
ও ইনোভেশন অফিসার, বাকেশি ইনোভেশন টিম।